# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৮ সালের ৩০ অক্টোবর, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

* ৩২৫ । **জনাব খালিদ মাহ্‌মুদ চৌধুরী** (দিনাজপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নিজ জেলার বেলভাঙ্গা (দশমাইল) দিনাজপুর জাতীয় মহাসড়কের (এন-৫০৮) দিনাজপুর শহর অংশ লিলির মোড় হইতে বালুয়াডাঙ্গা বাসস্টান্ড হইয়া কাঞ্চন সেতু পর্যন্ত ও মেডিকেল কলেজ হইতে রাম সাগর পর্যন্ত সড়কের মাঝখানে ডিভাইডার নির্মাণসহ উভয় পার্শ্ব প্রশস্থ করিবার ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা বা কোনো পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা?

* ৩২৬ । **কাজী নাবিল আহমেদ** (যশোর-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান অর্থ বছরে যশোর জেলায় সদর উপজেলায় দুস্থ শিশু ও মহিলাদের পূনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

* ৩২৭ । **জনাব এম, আবদুল লতিফ** (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা চট্টগ্রাম রেলওয়ের উন্নয়নে সরকার গত ৯ বছর কী কী উন্নয়ন প্রকল্প গ্রহণ করিয়াছেন ; এবং প্রকল্পের বিপরীতে অর্জিত সাফল্যসমূহ কী?

* ৩২৮ । **জনাব নিজাম উদ্দিন হাজারী** (ফেণী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানীতে সিএনজি চলিত অনুমোদিত প্রাইভেট অটোরিক্সার সংখ্যা কত; এই সকল অটোরিক্সার বাণিজ্যিক ব্যবহার রোধে সরকার কোনো ব্যবস্থা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ৩২৯ । **জনাব এডঃ মোঃ জিয়াউল হক মৃধা** (ব্রাহ্মণবাড়িয়া-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকাধীন তিতাস নদীর উপর শাহবাজপুর ব্রীজ পুনঃ নির্মাণের কাজ চলিতেছে। বিদ্যমান ব্রীজটি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকায় যে কোন ধরনের দুর্ঘটনার সম্ভাবনা রহিয়াছে। দুর্ঘটনাজনিত জানমালের ক্ষতি এড়াইতে চলমান পুনঃ নির্মাণ কাজ কবে নাগাদ সম্পূর্ণ হইবে?

* ৩৩০ । **জনাব মোঃ মামুনুর রশীদ কিরন** (নোয়াখালী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বঙ্গবন্ধু সেতু চালুর পর হইতে এই পর্যন্ত অর্থ বছরওয়ারী মোট কত টাকা টোল আদায় হইয়াছে; এবং টোল আদায়ের মাধ্যমে কত সালের মধ্যে নির্মাণ ব্যয় উত্তোলন সম্ভব হইবে?

* ৩৩১ । **বেগম হাজেরা খাতুন** (মহিলা আসন-৩৯) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের পোশাক শিল্পের চাহিদা পূরণের লক্ষ্যে দেশীয় ভিত্তিতে বস্ত্র উৎপাদনের কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৩৩২ । **বেগম সেলিনা আখতার বানু** (মহিলা আসন-৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে মেহেরপুর জেলায় কোনো কর্মজীবি মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কারণ কী?

* ৩৩৩ । **জনাব মোঃ নবী নেওয়াজ** (ঝিনাইদহ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত ঝিনাইদহ জেলা পর্যায়ে কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী তাহার হিসাব কী?

উল্লেখিত প্রতিবেদন আগামী ২৩/১০/১৮.....তরিখ বেলা..১২.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

(মোহাম্মদ সেলিম আজাদ খাঁন)
পরিচিতি নং-৬০২১৩৭
নির্বাহী প্রকৌশলী, সওজ
মনিটরিং বিভাগ

* ৩৩৪ । জনাব এ কে এম রহমতুল্লাহ্ (ঢাকা-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) অটোরিক্সায় মিটার টেম্পারিংসহ অতিরিক্ত ভাড়া আদায় বন্ধে সরকারি নির্দেশনা যথাযথভাবে কার্যকর আছে কিনা; এবং

(খ) উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

* ৩৩৫ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, এক বছরেরও বেশী সময় হইয়াছে মঠবাড়িয়ার বলেশ্বর নদীতে মাছুয়া-রায়েন্দা ফেরী সার্ভিস চালুর সরজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন পেশ করা হইয়াছে। উক্ত কাজের আর কোনো অগ্রগতি নাই। তাই উক্ত অঞ্চলের জনগণের স্বার্থে ঐ তরঙ্গময় বিশাল নদীর পাড় হইতে অতি দ্রুত উক্ত স্থানে ফেরি চলাচলের ব্যবস্থা গ্রহণ করিবেন কী?

* ৩৩৬ । জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী (চট্টগ্রাম-১৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলায় চন্দনাইশ ও সাতকানিয়া উপজেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

* ৩৩৭ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হইতে এই পর্যন্ত দেশের ছোট বড় কতটি সেতু নির্মাণ করা হইয়াছে?

* ৩৩৮ । জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৭-২০১৮ অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে নারায়ণগঞ্জ জেলার আড়াই হাজার উপজেলায় কোনো ঋণ বিতরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৩৩৯ । জনাব সাধন চন্দ্র মজুমদার (নওগাঁ-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত অর্থ বছরে দেশ হইতে কোনো দেশে পাটজাত পণ্য ও কাচা পাট রপ্তানি করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং অধিক পরিমাণ পাটজাত পণ্য রপ্তানির লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৩৪০ । জনাব সামশুল হক চৌধুরী (চট্টগ্রাম-১২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপাল এর মধ্যে সরাসরি সড়ক যোগাযোগের প্রক্রিয়ায় অনিশ্চয়তা বাড়িতেছে। ভুটানের পর নেপালেরও নাকি ইহাতে আপত্তি; এবং বিষয়টি সত্য হইলে, সরকার এই বিষয়ে কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ৩৪১ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, উপজেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৩৪২ । জনাব মোঃ আব্দুল মতিন (মৌলভীবাজার-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বিশ্ব বাজারে পাটজাত পণ্য সামগ্রীর রপ্তানী বৃদ্ধিকরণে বর্তমানে কোনো প্রতিবন্ধকতা আছে কিনা; থাকিলে, তাহা কী;

(খ) প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণে সরকারের গৃহীত পদক্ষেপ কী; সফলতা কী; এবং

(গ) পাটচাষীদের কল্যাণে সরকারের গৃহীত পদক্ষেপ কী?

* ৩৪৩ । বেগম মাহজাবীন মোরশেদ (মহিলা আসন-৪৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার রেলপথ উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে কোনো পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৩৪৪ । জনাব বজলুল হক হারুন (ঝালকাঠি-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব) শীর্ষক প্রকল্পের আওতায় কোনো প্রকল্প চালু আছে কিনা; এবং থাকিলে, তাহা কী?

* ৩৪৫ । দিলারা বেগম (মহিলা আসন-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়কপথের উন্নয়ন, যানজট ও নিরাপদ পরিবহন নিশ্চিত করিতে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

* ৩৪৬ । বেগম সালমা ইসলাম (ঢাকা-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৭৪ ঢাকা-১ এর দোহার ও নবাবগঞ্জ উপজেলার দুস্থ মহিলা ও শিশুদের উন্নয়নের লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

* ৩৪৭ । জনাব এম, এ, আউয়াল (লক্ষ্মীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কী?

* ৩৪৮ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পটুয়াখালী জেলার গলাচিপা (রামনাবাদ) নদীর ব্রীজের কার্যক্রম কী পর্যায়ে আছে; এবং কত দিনে বাস্তব অগ্রগতি দৃশ্যমান হইবে?

* ৩৪৯ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানী যানজট নিরসনে ঢাকার আশপাশের জেলাগুলির সাথে রেল যোগাযোগ বৃদ্ধি ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ৩৫০ । জনাব আব্দুস সালাম মূর্শেদী (খুলনা-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, খুলনা জেলা সদর হইতে আমার নির্বাচনী এলাকার দিঘলিয়া ও তেরখাদা উপজেলা হইয়া গোপালগঞ্জ ও ঢাকার সাথে স্থলপথের সংযোগ স্থাপনে ফুলতলা-রেলিগেট-দিঘলিয়া-আড়ুয়া-গাজীরহাট-তেরখাদা সড়কের ১ম কিলোমিটারে ভৈরব নদীর উপর নগরঘাটা সেতু এবং ১২ কিলোমিটারে আত্রাই নদীর উপর আড়ুয়া সেতু নির্মাণের কোনো প্রক্রিয়া চলমান আছে কিনা; থাকিলে, তাহার বিবরণ কী; কবে নাগাদ এই দুটি সেতুর কাজ সমাপ্ত হইবে?

* ৩৫১ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যশোর জেলায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনে চলমান প্রকল্পগুলি কী কী; উপজেলাওয়ারী হিসাব কী?

* ৩৫২ । বেগম শিরিন নাঈম (মহিলা আসন-৯) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম রোডের কাঁচপুর, মেঘনা ও মেঘনা গোমতী সেতু নির্মাণ কাজ কবে নাগাদ শেষ হইবে;

* ৩৫৩ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশে যানবাহনে হাইড্রোলিক হর্ন বন্ধের লক্ষ্যে মহামান্য হাইকোর্ট নির্দেশ দিয়াছেন। তাহা বাস্তবায়নে সরকার এই যাবৎ কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ৩৫৪ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হইতে এই পর্যন্ত নোয়াখালী জেলায় কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার পরিমাণ কত?

* ৩৫৫ । এডভোকেট নাভানা আক্তার (মহিলা আসন-২৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে শরীয়তপুর জেলায় কোনো প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৩৫৬ । জনাব মোঃ ছানোয়ার হোসেন (টাঙ্গাইল-৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ঢাকা-টাঙ্গাইল ট্রেন সার্ভিস চালু করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন হইবে?

* ৩৫৭ । জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম) (মাদারীপুর-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, মাঝখানে 'ক' বছর বিশ্ব বাজারে পাটের রমরমা ব্যবসার পর বর্তমানে পাটের বাজারে মন্দা শুরু হইয়াছে। এই মন্দার কাবলে পড়িয়াছে বাংলাদেশের পাট চাষীরাও। ফলে কৃষকেরা মারাত্নকভাবে অর্থিক ক্ষতির মুখে পড়িয়াছে; এবং

(খ) "ক"- প্রশ্নের উত্তর সত্য হইলে, পাটজাত পণ্য উদ্ভাবন ও বাজারজাত করিবার লক্ষ্যে সরকার নতুন কোন উদ্যোগ গ্রহণ করিবে কিনা?

* ৩৫৮ । সফুরা বেগম (মহিলা আসন-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে লালমনিরহাট জেলায় দুস্থ মহিলাদের জন্য কোনো ভাতা প্রদান করা হয় কিনা; হইলে, তাহার হিসাব কী?

* ৩৫৯ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে রাজশাহী জেলার উপজেলা পর্যায়ে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পগুলির নাম কী?

* ৩৬০ । জনাব এনামুল হক (রাজশাহী-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে রাজশাহী জেলার বাগমারা উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

ঢাকা,
৩ কার্তিক, ১৪২৫।
১৮ অক্টোবর, ২০১৮।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৮ সালের ৩০ অক্টোবর, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

২৮০ । জনাব **এম, আবদুল লতিফ** (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, রেলের আধুনিকায়নে ৩৬ কোটি ডলার ঋণ দিতেছে এডিবি; বিষয়টি সত্য হইলে, উক্ত ঋণে কী কী কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হইবে?

২৮১ । জনাব **দিদারুল আলম** (চট্টগ্রাম-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশে গ্রামীণ দুস্থ ও অসহায় মহিলাদের কর্মসংস্থান ও কর্মক্ষম করিয়া তুলিবার লক্ষ্যে বর্তমানে কী কী প্রকল্প চালু রহিয়াছে?

২৮২ । বেগম **উম্মে রাজিয়া কাজল** (মহিলা আসন-৪৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে গোপালগঞ্জ জেলার উপজেলা পর্যায়ে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পগুলির নাম কী?

২৮৩ । জনাব **মোঃ মামুনুর রশীদ কিরন** (নোয়াখালী-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশে জরাজীর্ণ রেলপথগুলিকে আধুনিকায়নের লক্ষ্যে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

২৮৪ । জনাব **নুরুন্নবী চৌধুরী** (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বিটিএমসি'র অধীনস্থ লোকসানী মিলের সংখ্যা কতটি এবং নাম কী; উক্ত লোকসানী মিলগুলিকে লাভজনক করিবার লক্ষ্যে সরকার কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

২৮৫ । জনাব **নিজাম উদ্দিন হাজারী** (ফেনী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৭-২০১৮ অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে ফেনী সদর উপজেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং চলতি অর্থ বছরে কোনো ঋণ বিতরণ করা হইবে কিনা?

২৮৬ । জনাব **মোঃ আব্দুল মতিন** (মৌলভীবাজার-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) দেশে বৈদ্যুতিক ট্রেন সার্ভিস চালু কার্যক্রম বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং
(খ) কবে নাগাদ তাহা চূড়ান্ত বাস্তবায়ন লাভ করিবে; কোন কোন রুটে চলাচল করিবে?

ACE, BMW
EE Rajshahi

২৮৭ । বেগম **আখতার জাহান** (মহিলা আসন-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার চলতি অর্থ বছরে দেশে কোনো বড় ধরনের সেতু নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করিয়াছে কিনা; করিয়া থাকিলে, তাহা কী; এবং রাজশাহী জেলায় উক্ত প্রকল্প আছে কিনা?

Laxmipur

২৮৮ । জনাব **মোঃ আবদুল্লাহ** (লক্ষ্মীপুর-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেব্রুয়ারি/২০১৪ হইতে সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-৪ এর অন্তর্গত রামগতি ও কমলনগর উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে কী কী কার্যক্রম সম্পন্ন করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহার তালিকা কী?

২৮৯ । বেগম **শিরিন নাঈম** (মহিলা আসন-৯) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে কক্সবাজার পর্যন্ত সরাসরি রেলগাড়ী কবে নাগাদ চালু হইতে পারে?

২৯০ । বেগম শিরিন নাঈম (মহিলা আসন-৯) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম রোডে নির্মাণাধীন ২য় কাঁচপুর, মেঘনা, মেঘনা-গোমতী সেতুর উপর রেললাইন নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা?

২৯১ । বেগম শিরিন নাঈম (মহিলা আসন-৯) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-আরিচা রাস্তাটি চার লেন করিবার পরিকল্পনা আছে কিনা; এই রাস্তাটি জরুরিভিত্তিতে চার লেন করা প্রয়োজন; কবে নাগাদ রাস্তাটির চারলেনের কাজ শেষ হইতে পারে?

২৯২ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-৪ এর অন্তর্গত রামগতি উপজেলাধীন চৌধুরীহাট খেয়াঘাটে নির্মিত ৮০ মিটার দৈর্ঘ্যের একটি ষ্টীল ব্রীজ রহিয়াছে। বিভিন্ন সময় স্টীল ব্রীজটিতে সমস্যা দেখা দেয় এবং বর্তমানে ব্রীজটি একেবারেই যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় রহিয়াছে। যাহা রামগতি ও নোয়াখালী জেলার সুবর্ণচরে যাতায়াতের একমাত্র যোগাযোগ মাধ্যম। তাই বর্ণিত ষ্টীল ব্রীজটির পরিবর্তে চৌধুরী হাট খেয়াঘাটে একটি স্থায়ী পাকা ব্রীজ নির্মাণ করা হইবে কিনা?

২৯৩ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেব্রুয়ারি/২০১৪ হইতে সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-৪ এর অন্তর্গত রামগতি ও কমলনগর উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে কী কী কার্যক্রম সম্পন্ন করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহার তালিকা কী?

২৯৪ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেব্রুয়ারি/২০১৪ হইতে সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত আমার নির্বাচনী এলাকা সিলেট-৩ এর অন্তর্গত ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে কী কী কার্যক্রম সম্পন্ন করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহার তালিকা কী?

২৯৫ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র্য বিমোচন কর্মসূচীর অধীনে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত?

২৯৬ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেব্রুয়ারি/২০১৪ হইতে সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত আমার নির্বাচনী এলাকা সিলেট-৩ এর অন্তর্গত ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে কী কী কার্যক্রম সম্পন্ন করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহার তালিকা কী?

ঢাকা,

০৩ কার্তিক, ১৪২৫ ।
১৮ অক্টোবর, ২০১৮।

ড. মোঃ আবদর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।